



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



নম্বর ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০৩.২০.৬৬

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৮

২৬ মে ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: ঘূর্ণিঝড় ইয়াসের সম্ভাব্য আঘাতে উপদ্রুত এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহারের জন্য জরুরিভিত্তিতে খুলে দেওয়া, সহযোগিতা প্রদান ও তথ্য প্রেরণ।

১। আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী ঘূর্ণিঝড় ইয়াসের সম্ভাব্য আঘাতে উপদ্রুত (বাংলাদেশের উপকূলীয় ও তৎসংলগ্ন) এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) সংশ্লিষ্ট এলাকার জনসাধারণের আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহারের জন্য স্বাস্থ্যবিধি মেনে জরুরিভিত্তিতে খুলে দিতে হবে। আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সংগ্রহ করে জেলা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন। জেলা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট জেলার সমন্বিত তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণ কক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট নিম্নে প্রদত্ত ই-মেইলে প্রেরণসহ সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক ও উপপরিচালকের নিকট অনুলিপি প্রেরণ করবেন;


২। ঘূর্ণিঝড় 'ইয়াস' মোকাবেলায় ঘূর্ণিঝড়ের সম্ভাব্য আঘাত পূর্ববর্তী এবং আঘাত পরবর্তী সময়ে উপদ্রুত এলাকায় অবস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল পর্যায়ের দপ্তর ও সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন/দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সম্পৃক্ত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট এলাকার সকল দপ্তর/প্রতিষ্ঠান প্রধান/নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণকে নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার স্থানীয় প্রশাসনের সঙ্গে এ বিষয়ে সমন্বয় করবেন এবং সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক উপপরিচালক ও পরিচালকগণ বিষয়টি সার্বক্ষণিক মনিটরিং করবেন।

৩। ঘূর্ণিঝড় ইয়াসের বিষয়ে শিক্ষা সংশ্লিষ্ট যেকোন তথ্যের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণকক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব আশেকুল হক, সহকারী পরিচালক (এইচ.আর.এম), মোবাইল নং ০১৭১১৭০৪৭২৫ এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে; এবং

৪। ঘূর্ণিঝড় ইয়াসের আঘাতে উপদ্রুত এলাকায় যদি কোনও শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয় তাহলে ঘূর্ণিঝড় পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে নিম্ন ছকে তথ্য সংগ্রহ করে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণ সফট কপি (MS Word -মুডে) dsheflood2019@gmail.com ই-মেইল যোগে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন:

নমুনা ছক

ক্রমিক নং	অঞ্চল	জেলা	উপজেলা	প্রতিষ্ঠানের ধরন	প্রতিষ্ঠানের নাম	ক্ষয়ক্ষতির বিবরণ	আনুমানিক ক্ষতির পরিমাণ (টাকায়)



২৬-৫-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৪) অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজসমূহ
- ৫) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৬) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক-১, এইচআরএম ইউনিট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৯) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
- ১০) প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহ
- ১১) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা/থানা
- ১২) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ১৩) সংরক্ষণ নথি।